

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭-২৪

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি./ ১২ আশ্বিন ১৪২৪ ব.।

বিষয়: চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায়ের সাধারণ বরাদ্দের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় দেশের ৬৪ টি জেলার ৪৯০ টি উপজেলায় (তেজগাঁও উন্নয়ন সার্কেলসহ) উপজেলাওয়ারী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত কাবিটা নির্দেশিকা অনুযায়ী ১ম পর্যায়ের সাধারণ বরাদ্দ নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড ৪৯০১-৫০৯০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

ক্রম	বরাদ্দের খাত	মোট বরাদ্দের পরিমাণ	উপজেলা পরিষদভিত্তিক (মোট বরাদ্দের ৫০% টাকা)
১।	উপজেলা পরিষদ (৪৯০) (তেজগাঁও সার্কেলসহ)	২৭১,৭৭,৩৬,৬৯৭.৭১	১৩৫,৮৮,৬৮,৩৪৮.৮৫
	মোট:	২৭১,৭৭,৩৬,৬৯৭.৭১	১৩৫,৮৮,৬৮,৩৪৮.৮৫

শর্তসমূহঃ

- (১) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিটা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিটা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিটা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৫) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।
- (৬) পি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। পি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৭) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা।
- (৮) প্রকল্প সৃষ্ট বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (৯) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।
- (১০) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হোসেন)

উপসচিব (ত্রাণ-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।


অপর পাতা দ্রঃ।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭-২৪

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি./ ১২ আশ্বিন ১৪২৪ ব।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১০। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ হোসেন)
উপসচিব (ত্রাক-২)।